

লেকচার শীট-১

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

অধ্যায়:মাটির নিচে যে শহর

গল্পটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- *উয়ারী বটেশ্বরের ঐতিহাসিক পরিচয়
- *বাংলাদেশের কয়েকটি প্রত্নতাত্ত্বিক নিদর্শনের নাম
- * উয়ারী বটেশ্বর আবিষ্কারের কাহিনি
- *উয়ারী বটেশ্বরে প্রাণ্ডি বিভিন্ন নিদর্শনের বর্ণনা

গল্পটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

প্রকৃতির বিপর্যয়ের কারণে ভূগঠনে অনেক বড় বড় পরিবর্তন সাধিত হয় । সময়ের ব্যবধানে অনেক জনপদ মাটির নিচে হারিয়ে যায় । আমাদের দেশে বর্তমানে অনেক বিলুপ্ত সভ্যতার সন্ধান পাওয়া গেছে । উয়ারী বটেশ্বর এরকমই এক প্রাচীন সভ্যতা । মাটির নিচে লুকিয়ে থাকা এ সভ্যতার ধর্মসাবশেষ উদ্ধারের মাধ্যমে প্রাচীন এ সভ্যতা সম্পর্কে অনেক তথ্য জানা সম্ভব হয়েছে ।

- *শিক্ষার্থীরা গল্পের (প্রথম অংশ) বাংলাদেশের মধ্যে বেশ কয়েকটা.....
.....এটি একটি প্রত্নতাত্ত্বিক স্থান ।

আমার বাংলা বই(৭৬পৃষ্ঠা ও ৭৭ পৃষ্ঠার উপরাংশ)

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

- *প্রত্নতাত্ত্বিক=প্রাচীন কালের জিনিসপত্র, মুদ্রা, অট্টালিকা ইত্যাদি বিচার করে এবং ইতিহাস খুঁজে যা বের করা হয় বা যেভাবে বের করা হয় তাকে বলে প্রত্নতাত্ত্বিক ।
- *মৃত্তিকা=মাটি
- *বিস্তীর্ণ=বিশাল, অনেক দূর পর্যন্ত
- *জনপদ=যেখানে অনেক মানুষ একসাথে বসবাস করে, লোকালয় ।

*পড়ানো অংশ থেকে এক বাক্যের উন্নত দাও :

১. লালমাই কোথায় অবস্থিত?
২. পাহাড়পুর কোথায় অবস্থিত?
৩. মধুপুরগড়ের মাটি কত দিনের পুরানো?
৪. কত দিন আগে গঙ্গা নদীর তীরে জন মানুষের বসতি ছিল?
৫. নরসিংদী পাশ দিয়ে কোন নদী রয়ে গেছে?
৬. কত সাল পর্যন্ত ব্রহ্মপুত্র নদী ময়মনসিংহ পেরিয়ে গিয়েছে?
৭. কোন কারণে বিভিন্ন অঞ্চলের ভূপ্রকৃতি ওলট পালট হয়?
৮. ১৮৯৭ সালে আমাদের দেশে কী হয়েছিল?
৯. প্রাকৃতিক কারণে কী কী বদলায়?
১০. উয়ারী বটেশ্বর কোন জেলায় অবস্থিত?

যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:

ত্ব, শ্র, ত্র, ধ্র, ভ্য, ন্দ্র, ষ্ঠ, ক্ষ, ক্ষ্ব, গ্র, গ্ন, স্ত, ত্ত,

ওয়ার্ক বুকের (১১৪ পৃষ্ঠার) সমার্থক শব্দ পড়বে